

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
আরবান প্ল্যানিং
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.২১

তারিখ: ১৮ চৈত্র ১৪২৭

০১ এপ্রিল ২০২১

বিষয়: ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন জাতীয় গুরুত্বপূর্ণ **Fast Track** ভুক্ত ঢাকা ম্যাস র্‌যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রোজেক্ট (লাইন-৫): নর্দান রুট এর ডিপো ও ডিপো এক্সসেস করিডোর নির্মাণের জন্য ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর অনুকূলে প্রশাসনিক অনুমোদন প্রদত্ত ১ম পর্যায়ে (**First Phase**) ঢাকা জেলার সাভার উপজেলার বিলামালিয়া মৌজার ৯.৮০১৬ হেক্টর ও কোন্ডা মৌজার ৩১.৫৭৪৯ হেক্টর মোট ৪১.৩৭৬৫ হেক্টর ভূমি অধিগ্রহণ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-৩৫.০৫.০০০০.৫০১.৩১.০০১.২০-১৩, তারিখঃ ২২/০২/২০২১ খ্রি.

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় বাস্তবায়নাধীন জাতীয় গুরুত্বপূর্ণ **Fast Track** ভুক্ত ঢাকা ম্যাস র্‌যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রোজেক্ট (লাইন-৫): নর্দান রুট এর ডিপো ও ডিপো এক্সসেস করিডোর নির্মাণের জন্য ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর অনুকূলে প্রশাসনিক অনুমোদন প্রদত্ত ১ম পর্যায়ে (**First Phase**) ঢাকা জেলার সাভার উপজেলার কোন্ডা মৌজার ৩১.৫৭৪৯ হেক্টর ও বিলামালিয়া মৌজার ৯.৮০১৬ হেক্টরসহ মোট ৪১.৩৭৬৫ হেক্টর ভূমি অধিগ্রহণের অনাপত্তি পত্রের জন্য আবেদন করেছে। প্রস্তাবিত এলাকার বিস্তারিত মৌজা তফসিল (মৌজা তফসিল, ১৩ পৃষ্ঠা) সংযুক্ত করা হয়েছে (সংযুক্তিঃ ১)।

জেলা	থানা	মৌজার নাম	জে.এল নং	প্রস্তাবিত জমির পরিমাণ (একর)	প্রস্তাবিত জমির পরিমাণ (হেক্টর)
ঢাকা	সাভার	কোন্ডা	২৩৬	৭৭.৯৯০০	৩১.৫৭৪৯
ঢাকা	সাভার	বিলামালিয়া	২৩২	২৪.২১০০	৯.৮০১৬
কোন্ডা এবং বিলামালিয়া মৌজায় সর্বমোট				১০২.২০০০	৪১.৩৭৬৫

তদু প্রেক্ষিতে উক্ত এলাকার সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, প্রস্তাবিত জমিতে বর্তমানে কিছু পাকা ও আধাপাকা বসতবাড়ী, সিএনজি পাম্প, বেসরকারি আবাসিক প্রকল্পের সেমিপাকা প্রকল্প অফিস, ০১টি বেসরকারি শিল্প কারখানা, সেমিপাকা টিনশেড ঘরসহ (আংশিক) মসজিদ ও খালি জমি, দুইটি পুকুর, কিছু নির্মাণাধীন পাকা ভবন ও খালি জমি, প্রায় ২০ ফুট চওড়া একটি কাঁচা রাস্তা, কিছু গাছপালা, ৭-৮ ফুট পানিতে নিমজ্জিত কৃষি জমি, বিদ্যুৎ সঞ্চালন লাইন রয়েছে। এছাড়া প্রস্তাবিত জমির উত্তরে কৃষিজমি, দক্ষিণে ঢাকা-আরিচা মহাসড়ক, পূর্বে কৃষিজমি, পশ্চিমে বসতবাড়ি ও কৃষি জমি অবস্থিত (সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন, সংযুক্তিঃ২; [Google Map](#), সংযুক্তিঃ৩)।

RAJUK এর Detail Area Plan (DAP) পর্যালোচনা করে (Group-E) দেখা যায় জায়গাটির প্রস্তাবিত মূল ভূমি ব্যবহার Flood Flow Zone হিসেবে চিহ্নিত আছে। এছাড়া অল্প কিছু ভূমি Agricultural Zone, Rural Settlement Zone এবং Proposed Road Network হিসেবে চিহ্নিত আছে (সংযুক্তিঃ৪)। রাজউক কর্তৃক সরকারী প্রয়োজনে এবং জনস্বার্থে “জনসাধারণের চলাচলের জন্য ডিপো এর চারপাশে এক্সেস রোড রাখার শর্তে” অনাপত্তি প্রদান করা হয়েছে (স্মারক নং- ২৫.৩৯.০০০০.০৩১.৩৬.০০২.২০২১.২৯৯, তারিখ-২২/৩/২০২১ ইং)।

উল্লেখ্য যে, Town Improvement Act, 1953 এর 75(1) ধারা অনুযায়ী “Permission for use of land Contrary to The Master Plan” এর ক্ষেত্রে রাজউক চেয়ারম্যানকে ক্ষমতা দেয়া আছে।

এমতাবস্থায়, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক বাস্তবায়নাধীন “ঢাকা ম্যাস র্‌যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রোজেক্ট (লাইন-৫): নর্দার্ন রুট এর ডিপো ও ডিপো এক্সসেস করিডোর নির্মাণের জন্য প্রস্তাবিত দাগে পরিদর্শন প্রতিবেদন এবং নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রস্তাবিত ৪১.৩৭৬৫ হেক্টর জমি অধিগ্রহণে নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।


শর্তাবলী

- (১) প্রত্যাশী সংস্থাকে ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য সকল আইন, বিধি ও নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) "Town Improvement Act, 1953" এ প্রদত্ত ক্ষমতা বলে চেয়ারম্যান, রাজউক কর্তৃক DAP অনুমোদিত ভূমি ব্যবহার পরিবর্তন করে গেজেট করতে হবে।
- (৩) প্রস্তাবিত সাইটে বিদ্যমান জলাধার (Water Body) বিনষ্ট বা ভরাট না করে উহা সংরক্ষণ করতে হবে;
- (৪) উক্ত এলাকার পানির প্রবাহে কোনভাবেই যেন বাধা সৃষ্টি না হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (৫) রাজউক ও পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল শর্তসমূহ অনুসরণ করতে হবে।
- (৬) রাজউক এর Landuse Plan আর.এস মৌজার উপরে প্রস্তুতকৃত বিধায় এই অনাপত্তি পত্রে ভূমি ব্যবহারজনিত জটিলতায় আর.এস ম্যাপই বিবেচ্য হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তি:

০১. প্রস্তাবিত স্থানের মৌজা তফসিল
০২. সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন।
০৩. প্রস্তাবিত এলাকার Google Map।
০৪. DAP এর প্রস্তাবিত ভূমি ব্যবহারের উপর প্রস্তাবিত এলাকা চিহ্নিত ম্যাপ।
০৫. রাজউক এর অনাপত্তি পত্র।
০৬. পরিবেশ অধিদপ্তর এর অনাপত্তি পত্র।
০৭. প্রকল্পের স্থান চিহ্নিত পূর্বক মৌজা ম্যাপ।



১-৪-২০২১

মো: মাহমুদ হোসেন
সিনিয়র প্ল্যানার

প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র্‌যাপিড ট্রানজিট প্রজেক্ট,
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-৪, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট
রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.২১/১(৭)

তারিখ: ১৮ মে ১৪২৭
০১ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) মোঃ আফতাব হোসেন খান, প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র্‌যাপিড ট্রানজিট প্রজেক্ট, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-৪, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
- ৪) সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) মোঃ আবুল খায়ের, ঢাকা ম্যাস র্‌যাপিড ট্রানজিট প্রজেক্ট, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-৪, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
- ৬) প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



১-৪-২০২১

মোঃ সাইফুর রহমান
প্ল্যানার